publish on website

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-২২৩ তারিখঃ ০৬/১২/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের নভেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত নভেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসংগে প্রেরণ করা হলো।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৪ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন** প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **ডিসেম্বর, ২০১৭** মাসের সমন্বয় সভার **কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১৪ ডিসেম্বর, ২০১৭** তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৬/১২/১৭
(মোঃ মজিবর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১১০২৬০।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

জনাব মোঃ আব্দুর রশিদ
প্রোগ্রামার ... 
আইসিটি শাখা।

পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক

D:\Monthly coordination meeting1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

**কৃষি বিপণন অধিদপ্তরের নভেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ২৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

সময় : বেলা ১১:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ৩০/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ৩০/১০/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১**: ৩০/১০/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার দর পর্যালোচনাঃ**<br>ঢাকা শহরে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত) এবং আলু (হল্যান্ড সাদা)-এর দাম বৃদ্ধি পেয়েছে।<br>০৭টি বিভাগে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), মিষ্টি কুমড়া ও আলু (হল্যান্ড সাদা)-এর দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরীর এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১**: যেসকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত) এবং মিষ্টি কুমড়াসহ সকল কৃষি পণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি বৃদ্ধি করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: আলুর দাম সহনীয় পর্যায়ে রাখা ও সংরক্ষিত আলু বিক্রয়ের ক্ষেত্রে কৃষক/ব্যবসায়ীদের সহযোগিতার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৩. | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ**<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৫৫টি, পাওয়া যায়নি ০৯টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | **সিদ্ধান্ত-১**: যৌক্তিকমূল্য সংক্রান্ত তথ্যাদি প্রতিদিন অনলাইনে কন্জুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (CAB)-কে সরবরাহ করতে হবে এবং যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: যৌক্তিকমূল্য সংক্রান্ত তথ্য ঢাকা মহানগরীর বাজার সমিতির সভাপতি বরাবর প্রতিদিন মোবাইল পুশ পদ্ধতিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৪. | **গবেষণা শাখা**<br>সারাদেশে হিমাগারের সংখ্যা ৩৬৩টি, মোট ধারণ ক্ষমতা ২৭.৮১ লক্ষ মেঃ টন, মোট আলু উৎপাদন ৯৮.৬৫ লক্ষ মেঃ টন, মোট সংরক্ষণ ২৫.০৭ লক্ষ মেঃ টন। | **সিদ্ধান্ত-১**: ফুল বিপণন কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে ফুল উৎপাদনকারীদের তালিকা দ্রুত সংগ্রহ, সংকলন ও প্রকাশ করতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-২**: তামাকের মূল্য নির্ধারণী সভার পূর্বে তামাক সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ ও সংকলন করে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। তামাক উৎপাদন ও বিপণন সংক্রান্ত কাজ তদারকি নিশ্চিত করতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-৩**: রাসায়নিক সারের বাজার দরের সাপ্তাহিক প্রতিবেদনের পাশাপাশি বর্তমান পরিস্থিতির প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে এবং জেলা সার-বীজ মনিটরিং কমিটিকে রাসায়নিক সারের বাজার দর নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। | গবেষণা শাখা |
| ৫. | **আরইটিসি শাখা**<br>সারাদেশে মোট প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা ৮৯২টি। অক্টোবর/১৭ মাসের চেয়ে নভেম্বর/১৭ মাসে ১১.০৯% রাজস্ব আদায় বৃদ্ধি পেয়েছে। মোট আদায় সন্তোষজনক এবং লক্ষমাত্রা অতিক্রম করেছে। | **সিদ্ধান্ত-১**: বাতিলযোগ্য লাইসেন্স বাতিলপূর্বক চলমান লাইসেন্সের হালনাগাদ তালিকা সম্বলিত ডাটাবেজ প্রস্তুতের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল জেলা হতে ডিসেম্বর/২০১৭ মাসের মধ্যে প্রয়োজনীয় তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে এবং বিভাগীয় উপ-পরিচালকগণ বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করবেন। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত, ১৯৮৫) এবং ওয়্যার হাউজ অর্ডিনেন্স ১৯৫৯-এর আওতায় ওয়্যার হাউজ ও ওয়্যার হাউজম্যান-কে কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত, ১৯৮৫)-এর আওতায় লাইসেন্স প্রদান এবং সকল বিভাগে লাইসেন্সিং কার্যক্রম জোরদার ও মাসিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-৩**: কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক পরিচালিত অফিস-কাম-প্রশিক্ষণ কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত অর্থ নীতিমালায় উল্লিখিত নির্দেশনানুযায়ী ব্যবহার করতে হবে এবং অফিস-কাম- প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রাপ্ত আয়-ব্যয়ের হিসাব রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। বিভাগীয় উপ-পরিচালকগণ বিষয়টি যথাযথভাবে তদারকি করবেন এবং ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-৪**: নতুন, নবায়ন ও বাতিল লাইসেন্স নম্বর ব্যবহারের জন্য একটি অভিন্ন পদ্ধতি/ফরমেট উদ্ভাবনের লক্ষ্যে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-পরিচালক (আরইটিসি)<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৬. | **নীতি ও পরিকল্পনা শাখা**<br>০৩টি প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। চালু প্রকল্প ০১টি, চালু কর্মসূচী ০২টি। এছাড়া ০১টি কর্মসূচীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | **সিদ্ধান্ত-১**: APSU কর্তৃক নির্বাচিত প্রাথমিক প্রকল্প ও কর্মসূচীর তালিকা থেকে পর্যায়ক্রমে DPP এবং PPNB- প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | **সিদ্ধান্ত-২**: প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচী অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে জোর প্রচেস্টা অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| ৭. | **গুদাম ব্যবস্থাপনা শাখা**<br>মোট গুদাম ৮১টি, শস্য জমার পরিমান ১,৫০৮ মেঃ টন, ঋণ বিতরণ ২৯.৮১ লক্ষ, এফডিআর ১২৫.৩২ লক্ষ, গুদামের সঞ্চয়ী হিসাবে রক্ষিত ৭.২১ লক্ষ, মোট তহবিল ১৩২.৫৩ লক্ষ টাকা, ঋণ খেলাপী গুদামের সংখ্যা ১৬টি, খেলাপী ঋণের পরিমাণ ৭৪.৩৪ লক্ষ টাকা। | **সিদ্ধান্ত-১**: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী শস্য জমা ও কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অর্জন না করায় সংশ্লিষ্টদের কারণ দর্শানোর নোটিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা) |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৮. | **অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন** মোট অডিট আপত্তি-১৬টি, ব্রডশীট জবাব-১৬টি, অভ্যন্তরীণ অডিট সম্পন্ন ৩০টি অফিস। | **সিদ্ধান্ত-১:** অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে হিসাব শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করবেন। | হিসাব শাখা |
| | | **সিদ্ধান্ত-২:** অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় নিয়মিতভাবে জেলা অফিসসমূহের অডিট কার্যক্রম পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল অব্যাহত রাখবে এবং জেলাসমূহ অডিটে নির্দেশিত বিষয়সমূহ প্রতিপালন অন্তে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করবে। | অডিট টিম |
| ৯. | **ICT শাখা** ই-ফাইলে প্রাপ্ত ডাক ৭৫৮, ই-ফাইলে সম্পন্ন ৭২৩, ই-ফাইলে পত্র জারী ৪৫৬টি। | **সিদ্ধান্ত-১:** কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান/বিভাগীয় কার্যালয়সমূহে ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে আইসিটি শাখা বিভাগীয় কার্যালয়সমূহ-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে এবং নিয়মিভাবে ই-ফাইলিং সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি) বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২:** ডিসেম্বর/২০১৭ মাসে খুলনা বিভাগের বিভাগীয় উপ-পরিচালকের সাথে ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি ) |
| ১০. | কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক। | **সিদ্ধান্ত-১:** ২০১৭-২০১৮ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% ভাগ কার্যাদি সম্পন্ন পূর্বক ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ নিশ্চিত করবেন। | APA বাস্তবায়ন কমিটি শাখা প্রধান (সকল) বিভাগীয় উপ-পরিচালক (সকল) প্রকল্প/কর্মসূচী পরিচালক |
| ১১. | কৃষি বিপণন অধিদপ্তরে SDG's বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন। | **সিদ্ধান্ত-১:** এসডিজি সংশ্লিষ্ট কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে বিভাগীয় সমন্বয় সভায় বিষয়টি আলোচ্যসূচী ভূক্ত করতে হবে এবং এসডিজি বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিভাগসমূহ তাদের বিভাগীয় কার্যালয়ে এতদসংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) APA-ফোকাল পয়েন্ট |
| ১২. | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ | **সিদ্ধান্ত-১:** বিভাগীয় কার্যালয় হতে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২:** Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ১৩. | **তথ্য অধিকার আইন।** অক্টোবর/২০১৭ মাসে ব্যক্তি পর্যায়ে ০১জন ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০২টি প্রতিষ্ঠানকে চাহিত তথ্য সরবরাহ করা হয়েছে। | **সিদ্ধান্ত-১:** Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে মন্ত্রণালয় এবং তথ্য কমিশনে পাঠাতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) ও সকল বিভাগীয় কার্যালয় |
| | | **সিদ্ধান্ত-২:** তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইনে নির্ধারিত আবেদন ফরম ব্যবহার এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) বিভাগীয় উপ-পরিচালক (সকল) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) |
| ১৪. | সেন্ট্রাল মার্কেট পরিচালনা | **সিদ্ধান্ত-১:** সেন্ট্রাল মার্কেট বিষয়ে ০৪/১০/২০১৭ তারিখের এমএমসি সভার সিদ্ধান্ত অনুযায়ী অনিস্পন্ন কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা সহকারী পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১৫. | **এনসিডিপি মার্কেট ব্যবস্থাপনা**<br>মোট নির্মিত বাজার ৭৫টি, সেন্ট্রাল মার্কেট ০১টি, চালু মার্কেট ৭০টি, বন্ধ মার্কেট ০৫টি। | **সিদ্ধান্ত-১**: কৃষি বিপণন অধিদপ্তরের নিজস্ব স্থাপনাসমূহের দলিল পত্রাদি সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে প্রেরণ ও সদর দপ্তরে সংরক্ষণ পূর্বক খাজনা/পৌরকর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (গবেষণা অধিশাখা)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১৬. | ইনোভেশন টিম | **সিদ্ধান্ত-১**: ইনোভেশন ব্যাংক প্রস্তুতের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়সমূহ হতে উদ্ভাবনমূলক আইডিয়াসমূহ মাঠ পর্যায় হতে সংগ্রহ পূর্বক যাচাই-বাচাই করে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | ইনোভেশন অফিসার<br>ও<br>বিভাগীয় মেন্টর (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: জরুরী ভিত্তিতে উদ্ভাবনী ধারণা ও রোড ম্যাপ চূড়ান্তকরণ করে উপস্থাপন করতে হবে এবং উদ্ভাবনী ধারণাসমূহ প্রকল্পের আওতায় বাস্তবায়নের ব্যবস্হা গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার |
| | | **সিদ্ধান্ত-৩**: খুলনা ও রংপুর বিভাগে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালার আয়োজন পূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | ইনোভেশন অফিসার |
| ১৭. | ফিল্ড সার্ভিস | **সিদ্ধান্ত-১**: বার্ষিক কর্মসম্পাদন চুক্তিমালার ছক অনুকরণে জেলা কার্যালয় হতে ইন্ডিকেটর ওয়াইজ দাপ্তরিক কার্যাবলীর প্রতিবেদন সংগ্রহ পূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে উপস্থাপনের ব্যবস্থা নিতে হবে। | সহকারী পরিচালক (ফিল্ড সার্ভিস) |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহবুব আহমেদ )
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd